

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় স্কুলছাত্রী ধর্ষণ মামলার আসামি বিনাইদহে গ্রেপ্তার

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০১ সেপ্টেম্বর ২০২৬, ০৫:৪১ PM



ব্রাহ্মণবাড়িয়ায় এক স্কুলছাত্রীকে অপহরণ করে ধর্ষণের ঘটনায় করা মামলার একমাত্র এজাহারনামীয় আসামিকে বিনাইদহ থেকে গ্রেপ্তার করেছে র‍্যাব।

র‍্যাব-৯ ও র‍্যাব-৬-এর যৌথ অভিযানে গতকাল সোমবার তাঁকে গ্রেপ্তার করা হয়।

র‍্যাব জানায়, গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাব-৯-এর সিপিএস-১ ব্রাহ্মণবাড়িয়া ও র‍্যাব-৬-এর সিপিএস-২ বিনাইদহ ক্যাম্পের একটি যৌথ দল অভিযান চালায়। গতকাল ৩১ আগস্ট সন্ধ্যা ৬টা ৪০ মিনিটের দিকে বিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার দোয়েল চত্বর মোড় এলাকায় এ অভিযান চালানো হয়।

অভিযানে গ্রেপ্তার করা হয় রিফাত পারভেজ শাওনকে (২৫)। তিনি ব্রাহ্মণবাড়িয়ার সরাইল উপজেলার বড়ইছরা এলাকার বাসিন্দা। তাঁর বাবার নাম কামাল পারভেজ।

র্যাবের ভাষ্য, ব্রাহ্মণবাড়িয়ার সরাইল থানায় করা মামলায় রিফাত পারভেজ শাওনকে একমাত্র এজাহারনামীয় আসামি করা হয়েছে। মামলাটি নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী/০৩)-এর ৭ ও ৯(১) ধারায় করা হয়। স্কুলছাত্রীকে অপহরণ করে ধর্ষণের অভিযোগে মামলাটি করা হয়েছিল।

গ্রেপ্তারের পর আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য রিফাত পারভেজ শাওনকে সংশ্লিষ্ট থানায় হস্তান্তর করা হয়েছে।

দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে র্যাব-৯-এর গোয়েন্দা তৎপরতা ও অভিযান অব্যাহত রয়েছে বলে জানিয়েছে সংস্থাটি।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনসোচ্চীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দেয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-skulchhatri-dhrshn-mamlar-asami-jhinaidhe-greptar>